

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৬৬.১৮.০০২.২৩/৭৪৭

তারিখ: ২৭.১১.২০২৩ খ্রি.


বিষয়: ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া- এ এক্সিট নোট চালুকরণ সংক্রান্ত প্রশিক্ষণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, একটি স্বয়ংক্রিয় শুদ্ধায়ন ব্যবস্থা ও ডিজিটাল ইকোসিস্টেম গড়ে তোলার লক্ষ্যে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা এর আওতাধীন ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া-তে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহৃত হচ্ছে। বর্তমানে উক্ত দপ্তরে মেনিফেস্ট সাবমিশন, বিল অব এন্ট্রি অ্যাসেসমেন্ট ও পেমেন্ট এর কার্যক্রম অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করা হলেও পণ্য খালাসের পর এক্সিট নোট তৈরি করার কার্যক্রম অ্যাসাইকুডা সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করা হয় না। একটি পরিপূর্ণ ঝুঁকিহীন ডিজিটাল কাস্টমস ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে অন্যান্য মডিউলসমূহের সাথে সাথে অ্যাসাইকুডা সিস্টেমে এক্সিট নোট তৈরিপূর্বক পণ্য খালাস অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০২। আমদানি-রপ্তানি বাণিজ্যে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার স্বার্থে আপনার দপ্তরের আওতাধীন ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া-তে অনতিবিলম্বে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে এক্সিট নোট ইস্যু চালু করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই লক্ষ্যে আগামী ২৯.১১.২০২৩ খ্রি. তারিখ জুম প্রাটফর্মে এক্সিট নোট ইস্যুকরণ সংক্রান্ত একটি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণের বিস্তারিত নিম্নরূপ:

তারিখ ও সময়	জুম আইডি	পাসওয়ার্ড
২৯.১১.২০২৩ খ্রি. সকাল- ১১:০০ ঘটিকা হতে দুপুর-০১:০০ ঘটিকা	98263874724	2023

০৩। এমতাবস্থায়, ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া-তে এক্সিট নোট চালুকরণের লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্নের পর ল্যান্ড কাস্টমস স্টেশন, আখাউড়া-তে অফিস আদেশ জারির মাধ্যমে এক্সিট নোট চালুকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


27.11.2023
[রাবিবুল হাসান]

প্রথম সচিব (কাস্টমস: অটোমেশন)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

ই-মেইল- ss.asycuda@gmail.com

কমিশনার

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা।

অনুলিপি:

১. চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, ঢাকা;
২. জনাব মোঃ জাহিদুর রহমান, সিস্টেম অ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড;
৩. ডেপুটি ডিরেক্টর, স্থল বন্দর কর্তৃপক্ষ, কুমিল্লা (সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
৪. জনাব মোঃ মনিরুল ইসলাম, সহকারী প্রোগ্রামার (কাস্টমস: অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড (প্রশিক্ষণ প্রদানের অনুরোধসহ);
৫. জনাব ইসতিয়াক আকবর, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, (কাস্টমস: অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড (প্রশিক্ষণ প্রদানের অনুরোধসহ);
৬. পিএ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।